দৈনিক ইত্তেফাক

NOV. 25 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..7.. কলাম 3......

# শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটিতে রাজনৈতিক ব্যক্তি বা এমপিদের অন্তর্ভুক্ত না করার আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষার স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা কমিটিতে রাজনৈতিক ব্যক্তি/সংসদ সদস্যদের অন্তর্ভুক্ত না করার আহ্বান জানিয়েছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, আগামী দিনের স্বপ্নের বাংলাদেশের কথা ভেবে ক্ষুদ্র ব্যক্তি কিংবা দলীয় স্বার্থ উপেক্ষা করে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাতে এগিয়ে আসুন। মর্যাদা দিন একজন শিক্ষককে। পাশাপাশি দলীয় রাজনীতি থেকে ছাত্র-ছাত্রীদের বের করে এনে কাগজ, কলম, বই হাতে শিক্ষাঙ্গনে ফেরত পাঠান। তাহলেই শিক্ষা ব্যবস্থার উত্তরণ সম্ভব। সাংবাদিক সম্মেলনে চট্টগ্রামে প্রবীণ শিক্ষক অধ্যক্ষ গোপাল কৃষ্ণ মুহুরীর নৃশংস হত্যাকাণ্ডের নিন্দা করে বলা হয়, এ ঘটনা আর একবার সাধারণ মানুষকে আতংকিত করে তুলেছে। সত্যিকার অর্থে সব ধরনেরই সন্ত্রাস খুব অল্প সময়ে দূর করা যায়। এর জন্য রাজনৈতিক সদিচ্ছা প্রয়োজন। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।